

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৩৫.১৯-৬৭৭

তারিখঃ ০৪ পৌষ ১৪২৬
১৯ ডিসেম্বর ২০১৯

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৩৭৪১/২০১৭ মামলায় ২৪.০৪.১৯ তারিখের আদেশের আলোকে নওগাঁ জেলার মহাদেবপুর উপজেলাধীন পাগল দেওয়ান ছিদ্দিকীয়া ফাজিল মাদরাসার সহকারী শিক্ষক (ইংরেজি) জনাব মো: শফিউর রহমান এর নাম এমপিওভুক্তকরণের অনাপত্তি পত্র বিষয়ক আবেদন।

সূত্র: পাগল দেওয়ান ছিদ্দিকীয়া ফাজিল মাদ্রাসা স্মারক নং-পা.দে.মা/২০১৯/০৯/২৭৬(০২)

তারিখ: ০৫.১০.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার মহাদেবপুর উপজেলাধীন পাগল দেওয়ান ছিদ্দিকীয়া ফাজিল মাদ্রাসা মাদরাসার সহকারী শিক্ষক (ইংরেজি) জনাব মো: শফিউর রহমান যথাযথভাবে নিয়োগপ্রাপ্ত হয়ে গত ০১.০৭.১৪ খ্রি. তারিখে যোগদান করেন মর্মে পত্রে উল্লেখ রয়েছে।

০২। যোগদান পরবর্তীতে এমপিওভুক্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ মন্ত্রণালয়/মাউশি অধিদপ্তরে প্রেরণ করা হলে এমপিওভুক্ত না হওয়ায় নিরুপায় হয়ে উক্ত প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক (ইংরেজি) মো: শফিউর রহমান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩৭৪১/২০১৭ দায়ের করা হয়।

০৩। উক্ত রিট মামলায় গত ২৪.০৪.১৯ তারিখে যে রায় প্রদান করা হয়েছে, উক্ত রায়ের শেবাংশ নিম্নরূপ:

Accordingly, Respondents are directed to dispose of the dimand notice (Annexure-G-series) filed by petitioner's Advocate within 1 (one) month from the date of receipt of this judgment and order.

However, let us make it clear that the respondents will be at livery to take decision on the said application in any manner in accordance with law.

With the aforesaid direction the Rule is disposed of.

০৪। উক্ত রিট মামলার রায়/আদেশের আলোকে সহকারী শিক্ষক (ইংরেজি) মো: শফিউর রহমানকে এমপিওভুক্তকরণের অনাপত্তি পত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক TMED এর সচিব মহোদয় বরাবর সূত্রমূলে আবেদন করা হয়।


০৫। যেহেতু উক্ত রিট মামলার ২৪.০৪.১৯ তারিখের আদেশে পিটিশনারের বিজ্ঞ কৌসুলি কর্তৃক ১৩.০৯.১৭ তারিখের ডিম্যান্ড নোটিশটি (যা মহাপরিচালক, মাউশি অধিদপ্তর বরাবর দাখিল হয়েছিল) যথাসময়ে নিষ্পত্তি না হওয়ায় রিট মামলার উদ্ভব হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক বিজ্ঞ কৌসুলির ১৩.০৯.১৭ তারিখের ডিম্যান্ড নোটিশটি মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিধিগতভাবে নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৬। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৩৭৪১/১৯ মামলায় গত ২৪.০৪.১৯ তারিখের নির্দেশনা মতে বিজ্ঞ কৌসুলির ১৩.০৯.১৭ তারিখের ডিম্যান্ড নোটিশটি বিধি অনুযায়ী নিষ্পত্তি করে পিটিশনারকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ০৯.০১.২০ তারিখের মধ্যে TMED কে অবহিত করার নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো। সেসাথে কার্যক্রম গ্রহণের সুবিধার্থে ডিম্যান্ড নোটিশসহ নিম্নোক্ত কাগজপত্রের কপি এসজ্ঞে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ক. রিট পিটিশন নং-১৩৭৪১/১৯ মামলার রায়ের কপি- ০৪ পাতা

খ. বিজ্ঞ কৌসুলি কর্তৃক ১৩.০৯.১৭ তারিখের ডিম্যান্ড নোটিশ- ০২ পাতা।

গ. সূত্রোক্ত আবেদনপত্রের কপি-০১ পাতা।


(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্টার্ন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৪। জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধামইরহাট, নওগাঁ।
- ৬। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জনাব মো: শফিউর রহমান, সহকারী শিক্ষক (ইংরেজি), পাগল দেওয়ান ছিদ্দিকীয়া ফাজিল মাদ্রাসা, ডাক-ভুটিয়াপাড়া, উপজেলা-ধামইরহাট, জেলা-নওগাঁ।
- ৮। মাস্টার কপি/অফিস কপি।